# শীতার্ত অসহায় মানুষের পাশে
# ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান



# শীতার্ত অসহায় মানুষের পাশে
# ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

গ্রীন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
২০১৩

# মুখবন্ধ



বিগত বছরের ধারাবাহিকতায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো এবারও শীত মৌসুমে দেশের অসহায় শীতার্ত মানুষের প্রতি সাহায্যের উষ্ণ হাত বাড়িয়ে দিয়েছে। তাদের বিতরণকৃত শীতবস্ত্র সমাজের অবহেলিত জনগোষ্ঠীর জীবন শীতের তীব্রতায় একটু হলেও উষ্ণতায় মুড়ে দিয়েছে। এ ধরনের সময়োপযোগী কর্মসূচি গ্রহণের জন্যে আমি তাদেরকে আন্তরিক ধন্যবাদ জানাই।

জাতীয় উন্নয়নের মহৎ অভিযাত্রায় এভাবে এগিয়ে আসার জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো সাধুবাদ প্রাপ্য। আশা করি যে, তাদের দৃষ্টান্ত অনুসরণ করে অন্যান্য বেসরকারি সংস্থাও সমাজের অবহেলিত জনগোষ্ঠীর প্রতি সহযোগিতার হাত বাড়াবে এবং এই মানবিক কল্যাণকর কার্যক্রমের প্রসারে আগামীতে বেসরকারি বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো আরো যত্নশীল ও মনোযোগী হবে। পুস্তিকাটির সার্বিক সমন্বয়ের জন্য কৃষিঋণ ও আর্থিক সেবাভুক্তি বিভাগকে আমার আন্তরিক ধন্যবাদ।

ড. আতিউর রহমান

গভর্নর



প্রতি বছরই শীতে আমাদের দেশের দরিদ্র অসহায় মানুষ প্রচণ্ড শীতে মানবেতর জীবনযাপন করে। শীতের প্রকোপে অনেক শিশু ও বৃদ্ধ মৃত্যুবরণও করে। আমাদের দেশের সমগ্র জনসম্পদের একটি বৃহৎ শক্তি এসব দরিদ্র অসহায় জনগণ। এ কারণে টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্যে অর্থনৈতিক উন্নয়নের মূল স্রোতে তাদের সক্রিয় ও অর্থপূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে তাদের পাশে সকলকে এগিয়ে যেতে হবে।

বিগত বছরগুলোতে আমাদের দেশের তফসিলি ব্যাংকগুলো সমাজের সকল মানুষের জন্য সমান সুযোগ নিশ্চিত করার প্রয়োজনীয়তা উপলব্ধি করে বিভিন্ন মানব কল্যাণমূলক কার্যক্রম গ্রহণ করে আসছে। এরই ধারাবাহিকতায় চলতি শীত মৌসুমে ব্যাংকগুলোর পাশাপাশি আর্থিক প্রতিষ্ঠানগুলোও এগিয়ে এসে শীতবস্ত্র বিতরণের ন্যায় একটি সময়োপযোগী মানবিক কর্মসূচি গ্রহণ করেছে। সামাজিক দায়বদ্ধতার এই অতিপ্রয়োজনীয় কাজটি করার জন্যে তারা আন্তরিকভাবেই এগিয়ে আসছে দেখে আমি আনন্দিত। সমাজের ভাগ্যবিড়ম্বিত মানুষের মাঝে উষ্ণতা ছড়িয়ে দেয়ার জন্য তাদের এ প্রয়াস সত্যিই প্রশংসনীয়। ভবিষ্যতেও তাদের এ ধরনের কার্যক্রম অক্ষুণ্ন থাকবে এ আশা করছি। কৃষিঋণ ও আর্থিক সেবাভুক্তি বিভাগকে পুস্তিকাটি সমন্বয়করণের জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

এস, কে, সুর চৌধুরী
ডেপুটি গভর্নর

## ভূমিকাঃ

# কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার আওতায় দারিদ্রপীড়িত শীতার্ত মানুষের কল্যাণে দেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর গৃহীত কল্যাণকর ভূমিকা

প্রতি বছরের ন্যায় সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে দেশের অসহায় মানুষের পাশে দাঁড়িয়েছে বাংলাদেশে কার্যরত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান। বিগত শীত মৌসুমের মতো এবারও ৪৫টি ব্যাংক বিভাগীয় শহর ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, রংপুর ছাড়াও বাংলাদেশের বিভিন্ন অঞ্চল যেমন দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, কুড়িগ্রাম, গাইবান্ধা, নীলফামারী, লালমনিরহাট, পাবনা, সিরাজগঞ্জ, যশোর, চুয়াডাঙ্গা, নাটোর, জামালপুর, চাঁদপুর, কুমিল্লা, পটুয়াখালী, ফেনী, নোয়াখালী, হবিগঞ্জ, মৌলভীবাজারসহ প্রত্যন্ত এলাকায় মোট ৯,০৯,১৮৮ পিস কম্বল ও ২,২৫,০৯০ পিস সোয়েটার ও অন্যান্য শীতবস্ত্র বিতরণ করেছে। এছাড়া চলতি বছর ১৫টি আর্থিক প্রতিষ্ঠান সরাসরি এবং একটি আর্থিক প্রতিষ্ঠান (মাইডাস ফাইন্যান্সিং লিঃ) BLFCA এর মাধ্যমে শীতবস্ত্র বিতরণ কার্যক্রমে অংশগ্রহণ করে। আলোচ্য সময়ে তারা দেশের উত্তরাঞ্চলসহ বিভিন্ন জেলায় ২৬,১২৭ পিস কম্বল এবং ৪,৫০০ পিস অন্যান্য শীতবস্ত্র দুস্থ ও শীতার্ত মানুষের মাঝে বিতরণ করেছে। সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর মানবিক সাহায্য এই দেশের দুঃখী ও অসহায় মানুষের মুখে ফুটিয়েছে হাসি। তাদের এই মানবিক ব্যাংকিং কার্যক্রম আরও প্রসারিত হোক এবং এ দেশের দুঃখী ও অসহায় মানুষের হাতকে করুক আরও কর্মক্ষম।

## শীত মৌসুমে গৃহীত ব্যাংকওয়ারী কার্যক্রমের একটি সংক্ষিপ্ত বিবরণ দেয়া হলো।

### ডাচ্-বাংলা ব্যাংক লিমিটেড

ব্যাংকিং কার্যক্রম শুরুর পর থেকেই ডাচ্-বাংলা ব্যাংক বিভিন্ন সমাজকল্যাণমূলক কর্মকাণ্ড ও আর্তমানবতার সেবায় অংশগ্রহণের মাধ্যমে সামাজিক কল্যাণে একটি উল্লেখযোগ্য নজির রেখেছে।



*প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে ১ লক্ষ পিস কম্বল প্রদান করে ডিবিবিএল*

চলতি শীতেও গ্রামের দুস্থ ও শীতার্ত মানুষের সাহায্যে এগিয়ে এসেছে ডাচ্-বাংলা ব্যাংক। তীব্র এ শীতে দেশের ৩০টি জেলায় বিতরণের জন্য প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে ১,০০,০০০ (এক লক্ষ) পিস কম্বল প্রদান করেছে।

ব্যাংকটির এ উদ্যোগ দেশের প্রত্যন্ত অঞ্চলের দরিদ্র জনগণের মাঝে উষ্ণতা ছড়িয়ে দেয়ার এক মহতী প্রচেষ্টা।

## এক্সিম ব্যাংক লিমিটেড

শীতের তীব্রতায় যখন নাজুক বাংলার মানুষ তখন তাদের দুর্দশা লাঘবে এগিয়ে এসেছে এক্সিম ব্যাংকও। সামান্য খড়কুটো জ্বেলে ও শতচ্ছিন্ন শীতবস্ত্র দিয়ে শীত নিবারণের প্রচেষ্টায় কাতর অসহায় মানুষের মাঝে এক্সিম ব্যাংক ১,৬১,৪৩৪ (এক লক্ষ একষট্টি হাজার চারশত চৌত্রিশ) পিস কম্বল বিতরণ করে তাদের পাশে দাঁড়ালো উষ্ণতা নিয়ে।




*শীতার্ত মানুষের মাঝে বিতরণের জন্য এক্সিম ব্যাংক লিঃ বাংলাদেশ ব্যাংকের নিকট কম্বল হস্তান্তর করে*

## বেসিক ব্যাংক লিমিটেড

হাড়ভাঙ্গা শীতে যখন দেশের দরিদ্র মানুষগুলো কাঁপছিলো সেই সময় গরীব দুস্থদের মধ্যে ৫১,০০০ পিস কম্বল বিতরণ করলো বেসিক ব্যাংক লিমিটেড। প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে ৩৫,০০০ পিসসহ টুঙ্গীপাড়া, কোটালিপাড়া, মঠবাড়িয়া, যশোর, বাগেরহাট, চিতলমারি, ফকিরহাট, ভোলা, উজিরপুর, বরিশাল, চাঁপাইনবাবগঞ্জ, চট্টগ্রাম, সিলেট জেলা ছাড়াও মুসলিম শিশুপল্লীর শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করে বিপন্ন মানুষের পাশে ব্যাংকটি এগিয়ে এসেছে।



*বেসিক ব্যাংক লিঃ এবারের শীতে ৫১,০০০ পিস কম্বল বিতরণ করে*

## মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড

উত্তরাঞ্চলের জেলাগুলোতে প্রতিবারের মতো এবারও তীব্র শীতে গরীব ও অসহায় মানুষ আক্রান্ত হয়েছে। পরিস্থিতির উন্নয়নে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড। ঢাকা, রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, দিনাজপুর, ঠাকুরগাঁও,



*চলতি শীতে মার্কেন্টাইল ব্যাংক লিঃ দুস্থ অসহায় মানুষের মাঝে ৪০,২০০ পিস কম্বল বিতরণ করে*

পঞ্চগড়, নীলফামারী, বগুড়া, সিরাজগঞ্জ, রাজশাহী, নওগাঁ, জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ, গাইবান্ধা, ফেনী, নোয়াখালী, কেরানীগঞ্জ, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, বরিশাল, পটুয়াখালী, চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, চাঁদপুর, রাঙামাটি, ময়মনসিংহ, সাভার, গাজীপুর, শরীয়তপুর, কিশোরগঞ্জ, ভোলা, খুলনা, যশোর, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, নারায়ণগঞ্জ, জয়পাড়া, মাগুরা, আশুগঞ্জ জেলায় তীব্র শৈত্য প্রবাহের প্রাক্কালে প্রত্যন্ত অঞ্চলের দরিদ্র ও শীতার্ত মানুষের দুর্দশা লাঘবে তাদের এ মানবিক প্রচেষ্টা একটি উজ্জ্বল দৃষ্টান্ত। মার্কেন্টাইল ব্যাংক লিঃ এসব এলাকায় ৪০,২০০ পিস কম্বল ও ৫৮,১০০ পিস শীতবস্ত্র বিতরণ করে।

## ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড

সামাজিক দায়বদ্ধতার আওতায় দেশের উত্তরাঞ্চলের দরিদ্র মানুষকে তীব্র শীতের প্রকোপ হতে কিছুটা হলেও স্বস্তি দেয়ার জন্য ব্যাংকটি উত্তরাঞ্চলের বিভিন্ন এলাকাসহ ঢাকা, চট্টগ্রাম, বৃহত্তর নোয়াখালী, খুলনা ও বরিশালের প্রত্যন্ত এলাকায় কম্বল বিতরণ করেছে। এ বছর তারা গরীব অসহায় ও পঙ্গু



*ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক দেশের বিভিন্ন জেলা মুক্তিযোদ্ধা কমান্ডারদের মাধ্যমে কম্বল বিতরণ করে*

মুক্তিযোদ্ধাদের মাঝে বিপুল পরিমাণ কম্বল বিতরণ করে। দরিদ্র শীতার্ত মানুষের কষ্ট লাঘবের জন্য ব্যাংকটির এ প্রয়াস একটি মহতী উদ্যোগ। তারা সর্বমোট ৫০,০০০ পিস কম্বল অসহায় শীতার্তদের মাঝে বিতরণ করে।

## যমুনা ব্যাংক লিমিটেড

উত্তরবঙ্গসহ দেশের বিভিন্ন স্থানে তীব্র শীতে হতদরিদ্র মানুষকে একটু উষ্ণতা দেয়ার জন্য যমুনা ব্যাংক লিঃ নিজ উদ্যোগে সহায়তার হাত বাড়িয়ে দিয়েছে। চলতি শীত মৌসুমে ৩১,৯০০ পিস কম্বল নারায়ণগঞ্জ, মাদারীপুর, বরিশাল, মুন্সিগঞ্জ, ময়মনসিংহ, নওগাঁ, সিরাজগঞ্জ, কুমিল্লা, গোপালগঞ্জ, টাঙ্গাইল, রংপুর, খুলনা, জামালপুর, কুড়িগ্রাম, লক্ষ্মীপুর, জয়পুরহাট, চট্টগ্রাম ও ঢাকা জেলার প্রত্যন্ত ও ছিন্নমূল এলাকার আবাল-বৃদ্ধ-বনিতার মাঝে বিতরণ করা হয়েছে। প্রচণ্ড শীতে মানবেতর জীবনযাপনকারী মানুষ ব্যাংকটির বিতরণকৃত শীতবস্ত্র পেয়ে বিশেষভাবে উপকৃত হয়।

## প্রাইম ব্যাংক লিমিটেড

প্রতি বছরের মতোই চলতি শীতেও প্রাইম ব্যাংক লিমিটেড তাদের শীতবস্ত্র বিতরণ কর্মসূচির মাধ্যমে দেশের দুস্থ মানবতার সেবায় এগিয়ে এসেছে। তাদের কর্মসূচির মাধ্যমে ঢাকা, সিলেট ও উত্তরবঙ্গের বিভিন্ন জেলা ছাড়াও ভৈরব, বোয়ালমারী, ব্রাহ্মণবাড়িয়া, শিবপুর, ভাটিয়াল, ফেনী, কুমিল্লা, বিয়ানীবাজার, বারাল্যাক্ষা, বিশ্বনাথ, বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, ঈশ্বরদী, নওগাঁ, নাটোর, পাবনা, রাজশাহী, কুষ্টিয়া, দৌলতপুর, খুলনা, সাতক্ষীরা, বরিশাল, যশোর, চট্টগ্রাম, কুমিল্লা, লক্ষ্মীপুর, নোয়াখালী, মদিনাহাট, কুষ্টিয়া ও ঝিকরগাছা এলাকার ছিন্নমূল ও হতদরিদ্র মানুষেরা পেয়েছে উষ্ণতার ছোঁয়া।




*প্রাইম ব্যাংক লিঃ চলতি শীতে দেশের প্রত্যন্ত এলাকায় ৩০,০০০ পিস শীতবস্ত্র বিতরণ করেছে*

## শাহ্জালাল ইসলামী ব্যাংক লিমিটেড

*শীতবস্ত্র বিতরণ কার্যক্রম* এর আওতায় শাহ্জালাল ইসলামী ব্যাংক লিমিটেড দেশের টাঙ্গাইল, চাঁদপুর, পটুয়াখালী, সিলেট, চট্টগ্রাম, ঢাকা, যশোর, মুন্সিগঞ্জ, দিনাজপুর, রংপুর, সৈয়দপুর, বগুড়া, নওগাঁ, কুষ্টিয়া, রাজশাহী জেলার প্রত্যন্ত অঞ্চলে শীতার্ত ও বিপর্যস্ত মানুষের কাছে ছুটে গিয়েছে, বিতরণ করেছে ২৯,০০০ পিস কম্বল। শাহ্জালাল ইসলামী ব্যাংক লিমিটেড তাদের সামাজিক দায়বদ্ধতার মানবিক প্রয়াস অব্যাহত রাখার মাধ্যমে সাহস যোগাবে অসহায় দরিদ্র জনগোষ্ঠীকে- এ প্রত্যাশা সকলের।

## সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড

*দরদী সমাজ গঠনে সমবেত অংশগ্রহণ* এই প্রত্যয়কে ধারণ করে সাধারণ মানুষের ভাগ্য উন্নয়নে সকলকে একযোগে কাজ করার আহ্বান নিয়ে এগিয়ে এসেছে ব্যাংকটি। উত্তরাঞ্চলের বিভিন্ন জেলাসহ ঢাকা, নোয়াখালী, যশোর, বগুড়া, চাঁদপুর, খুলনা, রাজশাহী, নরসিংদী এলাকার ছিন্নমূল মানুষের মাঝে ২২,৬০০ পিস কম্বল বিতরণ করে তাদের মুখে হাসি ফুটিয়েছে সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড।



*এবারের শীতে দুস্থ ও ছিন্নমূল মানুষের মুখে হাসি ফুটিয়েছে সোশ্যাল ইসলামী ব্যাংকের বিতরণকৃত কম্বল*

## অগ্রণী ব্যাংক লিমিটেড

দেশের উত্তরাঞ্চলের জেলাগুলোতে এবং নোয়াখালী, মুন্সীগঞ্জ, নরসিংদী, নারায়ণগঞ্জ, ঢাকা, সিরাজগঞ্জ, রাজশাহী, নওগাঁ, ফেনী,




*দুস্থ ও ছিন্নমূল মানুষের মাঝে বিতরণের জন্য অগ্রণী ব্যাংক অর্থমন্ত্রীর কাছে কম্বল হস্তান্তর করে*

বরিশাল, চট্টগ্রাম, কুমিল্লা, চাঁদপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, খুলনা, যশোর, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, টাঙ্গাইল, নেত্রকোনা, জামালপুর, শেরপুর, পাবনা, সাতক্ষীরা, বাগেরহাট, নড়াইল, ফরিদপুর, মাদারীপুর, গোপালগঞ্জ ও ঝিনাইদহে ব্যাংকটি ২৩,৯৮৮ পিস কম্বল বিতরণ করে। তীব্র শীতে তাদের এ মহতী প্রয়াস এসব অঞ্চলের অসহায় মানুষের প্রাণে বুলিয়েছে উষ্ণতার পরশ।

## ঢাকা ব্যাংক লিমিটেড

ঢাকা ব্যাংক লিমিটেড এর অর্থায়নে ঢাকা, কক্সবাজার, ফরিদপুর, সিরাজগঞ্জ, নারায়ণগঞ্জ, রংপুর, দিনাজপুর, সৈয়দপুর, পঞ্চগড়, মুন্সীগঞ্জ, বরিশাল এবং খুলনার অসহায়, শীতপীড়িত ও দরিদ্র মানুষের মধ্যে ২২,০০০ পিস শীতবস্ত্র বিতরণ করা হয়। তাদের এ প্রশংসনীয় প্রয়াস অগণিত মানুষের মুখে হাসি ফুটিয়েছে।

## সোনালী ব্যাংক লিমিটেড

তীব্র শীতে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়ায় উত্তরাঞ্চল, চট্টগ্রাম, ঢাকা ও সিলেটের বিভিন্ন এলাকা এবং নাটোর, নোয়াখালী, লক্ষ্মীপুর, বগুড়া, রাজশাহী, সিরাজগঞ্জ, যশোর, সাতক্ষীরা, খুলনা, সিলেট, বরিশাল, ব্রাহ্মণবাড়িয়া, ফেনী, মাদারীপুর, ভোলা, জামালপুর, শেরপুর, কুমিল্লা, পিরোজপুর, কুষ্টিয়া, গোপালগঞ্জ, পাবনা, চাঁদপুর, কিশোরগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, বাগেরহাট, নড়াইল এবং পটুয়াখালীর গরীব, দুঃখী ও হতদরিদ্র মানুষের মাঝে এই ব্যাংকটিও ২০,৬৭০ পিস শীতবস্ত্র বিতরণ করে। ফলে তীব্র শীতে অসহায় ও দরিদ্র মানুষের কষ্ট লাঘব হয়েছে।



*প্রতি বছরের ন্যায় সোনালী ব্যাংক অসহায় শীতার্তদের মাঝে ২০,৬৭০ পিস কম্বল বিতরণ করেছে*

## ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড এ বছর চট্টগ্রাম, দিনাজপুর, রংপুর,  বগুড়া, নওগাঁ, রাজশাহী ও পাবনা জেলার শীতে আক্রান্ত দরিদ্র জনগণের সহায়তায় এগিয়ে এসে তাদের




*ইউসিবিএল এর বিতরণকৃত কম্বল দেশের শীতার্ত দুস্থ মানুষের মাঝে স্বস্তি এনে দিয়েছে*

মাঝে ২০,০০০ পিস কম্বল বিতরণের মাধ্যমে স্বস্তির পরশ বুলিয়ে দিয়েছে।

## রূপালী ব্যাংক লিমিটেড

আবহাওয়ার বৈরিতার কারণে দেশের কোন কোন অঞ্চলে শীতের প্রকোপ বেশি। ফলে এসব অঞ্চলের দুস্থ মানুষজনের স্বল্প জীর্ণ শীতবস্ত্র দিয়ে শীত নিবারণ করা কষ্টকর হয়ে পড়ে। এ বছর সিলেট, বরিশাল, বগুড়া, রাজশাহী, চট্টগ্রাম, মাদারীপুর, ভোলা, জামালপুর, শেরপুর, কুমিল্লা, পিরোজপুর, কুষ্টিয়া, ঢাকা, গোপালগঞ্জ, যশোর, গাজীপুর, পাবনা, চাঁদপুর, নোয়াখালী, কিশোরগঞ্জ, খুলনাসহ দুর্দশাগ্রস্ত উত্তরাঞ্চলবাসীর দুরবস্থা কিছুটা হলেও উপশম করেছে ব্যাংকটি ১৮,০০০ পিস কম্বল বিতরণ করে।




*রূপালী ব্যাংক অর্থমন্ত্রীর মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলে কম্বল বিতরণ করে*

## স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড

স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড চলতি শীত মৌসুমে উত্তরাঞ্চলের বিভিন্ন জেলাসহ দেশের বিভিন্ন প্রত্যন্ত এলাকায় শীতার্ত দরিদ্র মানুষের

মাঝে ১৭,১২৫ পিস কম্বল বিতরণ করে। দেশের শীত কবলিত দুস্থ জনগণের দুর্দশা লাঘবে এ উদ্যোগ প্রশংসনীয়।




*স্ট্যান্ডার্ড ব্যাংকের উদ্যোগে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে কম্বল হস্তান্তর করা হয়*

## ওয়ান ব্যাংক লিমিটেড

ওয়ান ব্যাংক লিমিটেড নাটোর, নীলফামারী, পঞ্চগড়, রংপুর, ঠাকুরগাঁও, ঢাকা, নারায়ণগঞ্জ, কক্সবাজার, লাকসাম, চট্টগ্রাম, টঙ্গী, চলনবিল, নোয়াখালী, লক্ষ্মীপুর, বগুড়া, রাজশাহী, সিরাজগঞ্জ, শাহজাদপুর, যশোর, সাতক্ষীরা, খুলনা, সিলেট, রাঙামাটি, বরিশাল, ব্রাহ্মণবাড়িয়া, কালিগঞ্জ জেলায় এবং ব্যাংকের দরিদ্র কর্মচারীদের মাঝে ১৬,২২৫ পিস কম্বল এবং ফেনীর বিভিন্ন অঞ্চলে ৪,০০০ পিস শীতবস্ত্র বিতরণ করে। তাদের এ ধরনের উদ্যোগ মানবিক ব্যাংকিং এর উজ্জ্বল দৃষ্টান্ত হয়ে থাকুক সকলের জন্যে।



*ওয়ান ব্যাংক তাদের শীতবস্ত্র বিতরণ কর্মসূচির আওতায় চলতি বছর ১৬,২২৫ পিস কম্বল ও ৪,০০০ পিস শীতবস্ত্র বিতরণ করে*

## প্রিমিয়ার ব্যাংক লিমিটেড

দেশের বিভিন্ন শীতপ্রধান অঞ্চলে শীতবস্ত্র বিতরণ কার্যক্রম পরিচালনা করে দরিদ্র জনগণের মনে আশার প্রদীপ জ্বালিয়ে রাখে প্রিমিয়ার ব্যাংক



*দেশের বিভিন্ন শীত কবলিত এলাকায় প্রিমিয়ার ব্যাংক এ বছর ১৪,৩০০ পিস কম্বল ও ২৮,০০০ পিস শীতবস্ত্র বিতরণ করে*

লিমিটেড। চলতি শীত মৌসুমে দেশের বিভিন্ন জেলায় ১৪,৩০০ পিস কম্বল ও ২৮,০০০ পিস শীতবস্ত্র বিতরণের মাধ্যমে ব্যাংকটির এ ধরনের ধারাবাহিক কর্মসূচি শীত থেকে আগলে রেখেছে দরিদ্র মানুষকে।

## ন্যাশনাল ব্যাংক লিমিটেড

এবারের প্রচণ্ড শীতে প্রত্যন্ত অঞ্চলের মানুষ মানবেতর জীবনযাপন করেছে। তা নিরসনে ঢাকা, রংপুর, রাজশাহী, জয়পুরহাট, ফেনী, সিলেট, চট্টগ্রাম, কুমিল্লা, শরীয়তপুর, খুলনা, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, জামালপুর, পঞ্চগড়, ফরিদপুর এর শীতার্ত মানুষের মাঝে ব্যাংকটি ১২,৭০০ পিস কম্বল বিতরণ করে। এ কার্যক্রম দেশের দরিদ্র জনগণ বিশেষ করে ছিন্নমূল বস্তিবাসীর জীবনে এনেছে উষ্ণতার পরশ, জনমনে দিয়েছে স্বস্তি।

## দি সিটি ব্যাংক লিমিটেড

দি সিটি ব্যাংক লিমিটেড নিজস্ব উদ্যোগে তাদের কর্পোরেট গ্রাহকদের মধ্যে তীব্র শৈত্যপ্রবাহে বিপর্যস্ত জনসাধারণের দুর্ভোগ লাঘবে সচেতনতা সৃষ্টি করে। ফলে ব্যাংকটি তাদের সাথে যৌথভাবে দেশের উত্তরাঞ্চলের বিভিন্ন জেলাসহ যশোর, সাতক্ষীরা, খুলনা, বরিশাল, নোয়াখালী, চৌমুহনী, লক্ষ্মীপুর, মাইজদী, চট্টগ্রাম, সুনামগঞ্জ, রূপগঞ্জ, সন্দ্বীপ, হাতিয়া, বরিশাল, মাগুরা, বাগেরহাট, গোপালগঞ্জ, পঞ্চগড়, লালমনিরহাট, নাটোর, পটুয়াখালী, নড়াইল, বগুড়া, জামালপুর এবং গাজীপুর অঞ্চলের দুস্থ শীতার্ত মানুষের মধ্যে ১২,৭০০ পিস কম্বল বিতরণ করে। এ বছর দুর্দশাগ্রস্ত শীতার্তদের দুরবস্থা কিছুটা হলেও উপশম করেছে দি সিটি ব্যাংক লিমিটেড এর এ উদ্যোগ।

## ব্যাংক এশিয়া লিমিটেড

ব্যাংক এশিয়া লিমিটেড বরাবরের মতোই শীতের তীব্রতায় আক্রান্ত ও প্রবল কুয়াশার ঘেরাটোপে আবৃত শীতার্ত অসহায় মানুষের জন্য

শীতবস্ত্র বিতরণ কার্যক্রম গ্রহণ করেছে। এর আওতায় প্রথমেই তারা রাজশাহী, নওগাঁ, ঢাকা, যশোর, বগুড়া, পাবনা, নোয়াখালী, মুন্সিগঞ্জ ও কিশোরগঞ্জ অঞ্চলের শীতে বিপর্যস্ত মানুষের কাছে ছুটে গিয়েছে, বিতরণ করেছে ১১,৬০০ পিস কম্বল ও ১,৬০০ পিস শীতবস্ত্র। ব্যাংকটির বিতরণকৃত শীতবস্ত্রে হাসি ফুটেছে আবাল-বৃদ্ধ-বনিতার মুখে।



*শীতার্ত অসহায় বৃদ্ধ মানুষের মাঝে ব্যাংক এশিয়া এই শীতে ১১,৬০০ পিস কম্বল ও ১,৬০০ পিস শীতবস্ত্র বিতরণ করে*

## এনসিসি ব্যাংক লিমিটেড

এনসিসি ব্যাংক লিমিটেড অব্যাহত শীতের দাপট হতে শীতার্ত মানুষকে রক্ষা করার জন্য ছুটে গিয়েছে দেশের সাতক্ষীরা, নীলফামারী, লালমনিরহাট, ময়মনসিংহ, ফেনী, মৌলভীবাজার, দিনাজপুর, লক্ষ্মীপুর, সুনামগঞ্জ, বগুড়া, বরিশাল, নওগাঁ, রংপুর ও ঢাকা জেলার প্রত্যন্ত এলাকায় এবং বিতরণ করেছে ১০,৪০০ পিস কম্বল। ব্যাংকটি ভবিষ্যতেও তাদের সামাজিক দায়বদ্ধতার উজ্জ্বল প্রয়াস অব্যাহত রাখার মাধ্যমে সাহস যোগাবে জনমানুষের হৃদয়ে।



*এনসিসি ব্যাংকের উদ্যোগে অসহায় শীতার্ত মানুষের মাঝে ১০,৪০০ পিস কম্বল বিতরণ করা হয়*

## উত্তরা ব্যাংক লিমিটেড

দেশের উত্তরাঞ্চলের কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়সহ সাতক্ষীরা, শেরপুর, যশোর ও ঢাকা এলাকায় দরিদ্রদের মাঝে উত্তরা ব্যাংক ৯,২০০ পিস কম্বল বিতরণ করে। হতদরিদ্র অসহায় মানুষের মাঝে এ ধরনের সাহায্য ব্যাংকটির কার্যক্রমে একটি ভিন্ন মাত্রা যোগ করেছে।

## বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড

অন্যান্য ব্যাংকের মতো বিডিবিএলও শীতে দেশের ফরিদপুর, নীলফামারী, সিলেট, ব্রাহ্মণবাড়িয়া, মানিকগঞ্জ, ঢাকা, রংপুর, বগুড়া, নওগাঁ, রাজশাহী ইত্যাদি বিভিন্ন অঞ্চলের শীত কবলিত দুর্দশাগ্রস্ত মানুষের দিকে বাড়িয়ে দিয়েছে সাহায্যের হাত, বিতরণ করেছে ৮,০০০ পিস কম্বল। দরিদ্র মানুষ পেয়েছে আশ্বাসের দৃপ্ত অঙ্গীকার।



*বিডিবিএল এর উদ্যোগে ৮,০০০ পিস কম্বল বিতরণ করা হয়েছে*

## আইএফআইসি ব্যাংক লিমিটেড

আইএফআইসি ব্যাংক লিমিটেড তীব্র শৈত্যপ্রবাহে বিপর্যস্ত দেশের উত্তরাঞ্চলের দিনাজপুর ও সেতাবগঞ্জ অঞ্চলের দুস্থ শীতার্ত




*৭,৬১৫ পিস শীতবস্ত্র বিতরণ করা হয় আইএফআইসি ব্যাংকের উদ্যোগে*

মানুষসহ দেশের ৩৭টি শীত কবলিত এলাকায় ৭,৬১৫ পিস কম্বল বিতরণ করে।

এদেশের অগণিত শীতার্ত মানুষের দুর্দশার কথা স্মরণ করে ব্যাংকটির এ পদক্ষেপ প্রশংসনীয়। ভবিষ্যতেও এ ধরনের প্রচেষ্টা অক্ষুণ্ন রাখা প্রত্যাশিত।

## ইস্টার্ন ব্যাংক লিমিটেড

তীব্র শৈত্য প্রবাহের প্রাক্কালে রংপুর, কুড়িগ্রাম, খুলনা, ময়মনসিংহ, ফরিদপুর, সিরাজগঞ্জ এর প্রত্যন্ত অঞ্চলের দরিদ্র ও শীতার্ত মানুষের দুর্দশা লাঘবে ইস্টার্ন ব্যাংক লিমিটেড মানবিক প্রচেষ্টায় এগিয়ে এসে দরিদ্র ও শীতার্ত মানুষের মাঝে ৭,৪৬০ পিস কম্বল বিতরণ করেছে। গরীব অসহায় জনসাধারণের সুস্থভাবে বেঁচে থাকার জন্য ব্যাংকটির এ প্রয়াস একটি মহতী উদ্যোগ।



*রংপুর, লালমনিরহাট, নীলফামারী এবং দিনাজপুর জেলার বিভিন্ন অঞ্চলে ইবিএল ৭,৪৬০ পিস কম্বল বিতরণ করে*

## ব্র্যাক ব্যাংক লিমিটেড

কুড়িগ্রাম, নীলফামারী, শেরপুর ও বরগুনা জেলায় ব্র্যাক ব্যাংক লিমিটেড ৬,৩৭৭ পিস কম্বল ও ১৩,৫০০ পিস শীতবস্ত্র বিতরণ করে। ব্যাংকটির এ উদ্যোগ মানবিক ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণের উজ্জ্বল দৃষ্টান্ত।




*ব্র্যাক ব্যাংক লিমিটেড এর উদ্যোগে ৬,৩৭৭ পিস কম্বল ও ১৩,৫০০ পিস শীতবস্ত্র বিতরণ করা হয়*

## জনতা ব্যাংক লিমিটেড

ঢাকা ও উত্তরবঙ্গের বিভিন্ন জেলা ছাড়াও জামালপুর, নেত্রকোনা, চট্টগ্রাম, নোয়াখালী, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মেহেরপুর, বরিশাল, মুন্সীগঞ্জ, যশোর, রাজশাহী, সিলেট ও পাবনা জেলার দরিদ্র শীতার্ত মানুষের পাশে এসে দাঁড়িয়েছে জনতা ব্যাংক লিমিটেড। ব্যাংকটির উদ্যোগে ৬,৩০০ পিস কম্বল বিতরণ করা হয়। এদেশের অগণিত শীতার্ত মানুষের দুর্দশার কথা স্মরণ করে ব্যাংকটির এ পদক্ষেপ প্রশংসার দাবী রাখে।



*শীতার্ত ছিন্নমূল মানুষের মাঝে জনতা ব্যাংক লিমিটেড ৬,৩০০ পিস কম্বল বিতরণ করে*

## পূবালী ব্যাংক লিমিটেড

পূবালী ব্যাংক লিমিটেড বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি এবং আঞ্জুমান মুফিদুল ইসলাম নামক প্রতিষ্ঠানকে ২,৫০০ পিস কম্বলসহ রাজশাহী, রংপুর এবং বরিশাল অঞ্চলে প্রচণ্ড শীতে মানবেতর জীবনযাপনকারী অসহায় মানুষের মাঝে ৫,০০০ পিস কম্বল বিতরণ করে। তাদের এ কার্যক্রম দেশের দুস্থ জনগণের জীবনে দিয়েছে মানবিকতার উষ্ণ পরশ।

## দি ট্রাস্ট ব্যাংক লিমিটেড

দি ট্রাস্ট ব্যাংক লিমিটেড চলতি শীত মৌসুমে শীতবস্ত্র বিতরণ কর্মসূচির আওতায় রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট ও জামালপুর জেলার বিভিন্ন স্থানে ৫,০০০ পিস কম্বল বিতরণ করেছে। এসব শীতবস্ত্র পেয়ে শীতকবলিত উত্তরাঞ্চলের মানুষ কিছুটা হলেও উষ্ণতা ফিরে পেয়েছে। হিমেল শৈত্য প্রবাহ আর প্রচণ্ড শীতে জীবন যখন দুর্বিষহ, একটু হলেও এ প্রয়াস দিয়েছে স্বস্তির ছোঁয়া।

## এবি ব্যাংক লিমিটেড

শীতার্ত দরিদ্র জনসাধারণের পাশে দাঁড়াতে এবি ব্যাংক দেশের উত্তরাঞ্চলের রাজশাহী, রংপুর, দিনাজপুর ও সৈয়দপুরে কম্বল বিতরণের উদ্যোগ গ্রহণ করে। এ কার্যক্রমের আওতায় ব্যাংকটি ৩,০০০ পিস কম্বল বিতরণ করে। অসহায় শীতার্ত মানুষের মাঝে এবি ব্যাংক লিমিটেড এর এ কার্যক্রম একটি সুন্দর ও সাবলীল দৃষ্টান্ত।

## রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

রাজশাহী, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, নাটোর, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, রংপুর, নীলফামারী, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, দিনাজপুর, ঠাকুরগাঁও ও পঞ্চগড় অঞ্চলের দরিদ্র জনগোষ্ঠীর মাঝে ব্যাংকটি বিতরণ করেছে ২,৫৭৭ পিস কম্বল। প্রচণ্ড শৈত্যপ্রবাহে মানবেতর জীবনযাপনকারী দরিদ্র অসহায় মানুষ ব্যাংকটির বিতরণকৃত শীতবস্ত্র পেয়ে বিশেষভাবে উপকৃত হয়।

## মিউচ্যুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড

মিউচ্যুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড তাদের কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার আওতায় চলতি শীত মৌসুমে ঢাকা, দিনাজপুর, নওগাঁ, ঠাকুরগাঁও, গাইবান্ধা, চট্টগ্রাম, কুষ্টিয়া ও পাবনা জেলার অসহায় জনগণের মধ্যে ২,২৪০ পিস কম্বল ও ৫০০ পিস শীতবস্ত্র বিতরণ করে। এদেশের অগণিত শীতার্ত মানুষের দুর্দশার সময়ে ব্যাংকটির এ পদক্ষেপ সাধুবাদ প্রাপ্য।



*মিউচ্যুয়াল ট্রাস্ট ব্যাংক দেশের বিভিন্ন এলাকার শীতার্ত মানুষের মাঝে ২,২৪০ পিস কম্বল ও ৫০০ পিস শীতবস্ত্র বিতরণ করে*

## আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড

অব্যাহত হাড় কাঁপানো কনকনে হাওয়া আর শীতের দাপট থেকে



*আল-আরাফাহ ইসলামী ব্যাংক এর উদ্যোগে দেশের প্রত্যন্ত এলাকায় ২,০০০ পিস কম্বল বিতরণ করা হয়*

অসহায় মানুষকে রেহাই দিয়েছে আল-আরাফাহ ইসলামী ব্যাংক। ব্যাংকটির উদ্যোগে দেশের সিলেট, দিনাজপুর, নীলফামারী, রংপুর জেলার শীতার্ত দরিদ্র জনগণের মাঝে বিতরণকৃত ২,০০০ পিস কম্বল সহমর্মিতার এক অনন্য দৃষ্টান্ত হয়ে থাকবে।

## ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড

চলতি শীত মৌসুমে ঢাকা, চট্টগ্রাম, রাঙামাটি, সিলেট, কুমিল্লা, রাজশাহী, রংপুর, কুড়িগ্রাম, দিনাজপুর, ঠাকুরগাঁও, সাতক্ষীরা,



*আইবিবিএল এর পক্ষ হতে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে কম্বল হস্তান্তর করা হয়*

খুলনা ও বরিশালসহ দেশের প্রত্যন্ত অঞ্চলের শীতার্ত মানুষের মাঝে ১১৭,০০০ পিস কম্বল ও ১০৮,০০০ শীতবস্ত্র বিতরণ করে ব্যাংকটি শীতে আক্রান্ত শিশু, বৃদ্ধ ও ছিন্নমূল মানুষের প্রাণে স্বস্তির পরশ এনেছে।

## বাংলাদেশ কৃষি ব্যাংক

গোপালগঞ্জ, মাদারীপুর, মানিকগঞ্জ, জামালপুর ও ময়মনসিংহ

অঞ্চলের দরিদ্র জনগোষ্ঠীর মাঝে ব্যাংকটি বিতরণ করেছে ১,৭৭৫ পিস কম্বল। গরীব, দুঃখী ও হতদরিদ্র মানুষের মাঝে ব্যাংকটির এ কর্মসূচি এনে দিয়েছে উষ্ণতার ছোঁয়া।

## সাউথইস্ট ব্যাংক লিমিটেড

সাউথ ইস্ট ব্যাংক লিমিটেডের উদ্যোগে দেশের নীলফামারী, নওগাঁ, রাজশাহী, জামালপুর ও ঢাকার শীতার্ত দরিদ্র জনগণের মাঝে ১,৭২০ পিস কম্বল বিতরণ করা হয়। দেশের শীতার্ত মানুষের প্রতি এভাবেই মানবিকতার উষ্ণ হাত বাড়িয়ে দিয়েছে সাউথ ইস্ট ব্যাংক লিমিটেড।

## বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড

বগুড়া জেলায় ৪৬২টি কম্বল বিতরণের মাধ্যমে দেশের শীতার্ত মানুষের পাশে দাঁড়িয়ে তাদের মানবিক কর্মকাণ্ডের পরিচয় দিয়েছে বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড।



*বিসিবিএল চলতি শীত মৌসুমে ৪৬২ পিস কম্বল বিতরণ করে*

## আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড

সিলেট জেলার প্রত্যন্ত অঞ্চলে এবং চট্টগ্রামের বিভিন্ন দুস্থ মানুষের মাঝে আইসিবি ইসলামিক ব্যাংক কম্বল বিতরণ কর্মসূচি পালন করে। ব্যাংকটির এই কর্মসূচির আওতায় ২০০ পিস কম্বল বিতরণ করা হয় যা স্বল্প মাত্রায় হলেও সাধুবাদ প্রাপ্য।




*আইসিবি ইসলামিক ব্যাংক চলতি শীত মৌসুমে ২০০ পিস কম্বল বিতরণ করেছে*

## স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক

স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক দেশের উত্তরাঞ্চলের তীব্র শীতপ্রবণ জেলার বিভিন্ন অঞ্চলে এবং ঢাকা, সিলেট, বগুড়া, খুলনা ও চট্টগ্রামে ২,৬০০ পিস কম্বল এবং ৪,৩৫০ পিস শীতবস্ত্র বিতরণ করেছে। ব্যাংকের সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে এভাবে শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণের মাধ্যমে সহমর্মিতা প্রদর্শন একটি উজ্জ্বল পদক্ষেপ।




*স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের উদ্যোগে ২,৬০০ পিস কম্বল এবং ৪,৩৫০ পিস শীতবস্ত্র বিতরণ করা হয়*

## উরী ব্যাংক লিমিটেড

এ বছর শীত মৌসুমে দরিদ্র মানুষের মাঝে বিতরণের জন্য উরী ব্যাংক লিমিটেড ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়কে ৫,০০০ পিস শীতবস্ত্র প্রদান করেছে। স্বল্প মাত্রায় হলেও শীতার্ত মানুষের দুর্দশা লাঘবে তাদের এ পদক্ষেপ প্রশংসনীয়।

## এইচএসবিসি

তীব্র শীতে দেশের স্বাভাবিক জীবনযাত্রা যখন স্থবির হয়ে পড়েছে ঠিক তখনই এইচএসবিসি বাংলাদেশ তাদের মানবিকতার উষ্ণ হাত বাড়িয়ে দিয়েছে নীলফামারী, পঞ্চগড়, কুড়িগ্রাম, রাজশাহী, যশোর ও সাতক্ষীরার শীত কবলিত এলাকার মানুষের দিকে। তারা প্রায় ২,১৭০ পিস কম্বল এ সময়ে বিতরণ করেছে।



*এইচএসবিসি বাংলাদেশ এর পক্ষ হতে ২,১৭০ পিস কম্বল বিতরণ করা হয়েছে সিএসআর এর আওতায়*

## সিটি ব্যাংক এন, এ

দেশের দিনাজপুর, রাজবাড়ী ও সাতক্ষীরা অঞ্চলের দুস্থ শীতার্ত মানুষের সাহায্যার্থে ব্যাংকটি ১,০০০ পিস কম্বল বিতরণ করে।

এদেশের অগণিত শীতার্ত মানুষের দুর্দশার কথা স্মরণ করে ব্যাংকটির এ পদক্ষেপ প্রশংসার দাবী রাখে। ভবিষ্যতেও তাদের এই প্রচেষ্টা থাকুক অক্ষুণ্ন।

## ব্যাংক আল-ফালাহ্ লিমিটেড

ব্যাংক আল-ফালাহ্ লিমিটেড উত্তরাঞ্চলের লালমনিরহাট জেলায় ৫০০ পিস কম্বল ও ১,০০০ পিস শীতবস্ত্র বিতরণ করেছে। ভবিষ্যতে তাদের এ ধরনের মানবিক কার্যক্রম আরও বেশি দুস্থ মানুষের মুখে হাসি ফোটাবে এ আশা সকলের।

## কমার্শিয়াল ব্যাংক অব সিলোন লিমিটেড

সামাজিক কার্যক্রমের আওতায় কমার্শিয়াল ব্যাংক অব সিলোন মির্জাপুর ও গাজীপুর জেলায় ৬৫০ পিস কম্বল বিতরণ করে স্বল্প পরিসরে হলেও দেশের শীতার্ত দুস্থ মানুষের প্রতি তাদের সহমর্মিতা প্রদর্শন করেছে। শীতের তীব্রতা বাড়লেও তাদের এ প্রচেষ্টা অনেকটাই রক্ষা করেছে শীত পীড়িতদের।

## স্টেট ব্যাংক অব ইন্ডিয়া

স্টেট ব্যাংক অব ইন্ডিয়া ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও সিলেট জেলার শীতকবলিত অসহায় মানুষের মাঝে এবার শীতে ৫০০ পিস কম্বল বিতরণ করেছে। ব্যাংকটির এ মহৎ প্রয়াস ক্ষুদ্র হলেও দরিদ্র জনগণের জন্য এক কার্যকরী সহায়তা।

## উপসংহার

নিদারুণ শীতে সুস্থভাবে বেঁচে থাকার জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর এ প্রচেষ্টা একটি মহতী উদ্যোগ। মহত্ব এনে দেয় কর্ম উদ্দীপনা। সর্বাত্মক ও সুপরিকল্পিত উদ্যোগ উন্নয়নের মূল চাবিকাঠি যা দেশের অর্থনীতির চাকাকে করবে আরও সচল। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর পাশাপাশি অন্যান্য কর্পোরেট প্রতিষ্ঠান কর্তৃক সামাজিক দায়বদ্ধতা পরিপালনের মাধ্যমে সমাজে সাম্য প্রতিষ্ঠিত হোক, এই প্রত্যাশা সকলের।

বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স এর মহাব্যবস্থাপক এফ, এম, মোকাম্মেল হক কর্তৃক মুদ্রিত
ফোন ঃ ৯৫৩০১৪১, ৯৫৩০১৯৮; ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৩০১৯৮; E-mail : mokammel.huq@bb.org.bd
Web site : www.bb.org.bd
মুদ্রণে ঃ কালার ক্যাম্পাস
ডিসিপি - ৫-২০১৩-৩০০